

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১৭, ২০২৬

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেসার্স এনএইচআর ওভারসিজ (M/s. NHR OVERSEAS), আরজেএসসি RJSC নিবন্ধন নং: P-57152 এর নিবন্ধিত পার্টনারশিপ ফার্মের অংশীদারদের সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক ফার্মের অংশীদারিত্ব ও ব্যবস্থাপনায় পরিবর্তন আনা হইয়াছে।

গত ১৬-০৫-২০২৬ ইং তারিখে অনুষ্ঠিত অংশীদারদের সভার সিদ্ধান্ত অনুযায়ী, ফার্মের অংশীদার জনাব আজিজুর রহমান তাহার সমুদয় ৫১% (একান্ন শতাংশ) অংশীদারিত্ব ফার্মের বিদ্যমান ব্যবস্থাপনা অংশীদার জনাব মাহবুবুর রহমান এর নিকট ২০% (বিশ শতাংশ) এবং অংশীদার জনাব আক্বাছ মোল্লা এর নিকট ৩১% (একত্রিশ শতাংশ) হস্তান্তর করিয়াছেন।

একই সভায় সিদ্ধান্ত অনুযায়ী, জনাব আজিজুর রহমান ফার্মের অংশীদার পদ হইতে অব্যাহতি গ্রহণ করিয়াছেন।

বর্তমানে ফার্মের অংশীদারদের লাভ-ক্ষতির অংশ নিম্নরূপ:

১। মাহবুবুর রহমান (ম্যানেজিং পার্টনার) - ৪০%

২। আক্বাছ মোল্লা (এক্সিকিউটিভ পার্টনার) - ৬০%

অতএব, ১৬-০৫-২০২৬ ইং তারিখ হইতে উপর্যুক্ত পরিবর্তন অনুযায়ী ফার্মটি পুনর্গঠিত (Reconstituted) হইয়া কার্যক্রম পরিচালনা করিতেছে। ইহাতে কাহারও কোনো আপত্তি, দাবি বা স্বার্থ সংশ্লিষ্ট বক্তব্য থাকিলে, এই বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে যথাযথ প্রমাণাদিসহ লিখিতভাবে অবহিত করার জন্য অনুরোধ করা হইল।

আদেশক্রমে

মাহবুবুর রহমান

ব্যবস্থাপনা অংশীদার  
মেসার্স এনএইচআর ওভারসিজ  
(M/s. NHR OVERSEAS)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৭৮৭৫)

মূল্য : টাকা ৪.০০